

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : LCC(2)-2

(সাময়িক পত্র ও কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'সংবাদ প্রভাকর' পত্রিকাটি কত সালে কার সম্পাদনায় প্রকাশিত হয়? বাংলা সাময়িক পত্রের ইতিহাসে এই পত্রিকাটির গুরুত্ব নির্ণয় করো। ২+৮

অথবা,

- (খ) 'সবুজপত্র' কার সম্পাদনায় কবে আত্মপ্রকাশ করে? বাংলা গদ্যসাহিত্যের বিকাশে এই পত্রিকাটির অবদান আলোচনা করো। ২+৮

- ২। (ক) বাংলা উপন্যাস সাহিত্যের প্রবাহে 'রজনী' উপন্যাসটির গঠনকৌশলের নতুনত্ব বিচার করো। ১০

অথবা,

- (খ) 'রজনী' উপন্যাসে ঔপন্যাসিক যেভাবে 'রজনী' চরিত্রটি পরিকল্পনা করেছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

- ৩। (ক) 'রেকর্ড' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'আদাব' গল্পটিতে যে মানবিক আবেদনের যে পরিচয় পাও তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

- ৪। (ক) বাংলা সাহিত্যের বিকাশে 'কল্লোল' পত্রিকার ভূমিকা নির্দেশ করো। ৫

অথবা,

- (খ) রবীন্দ্রোত্তর আধুনিকতার প্রতিষ্ঠায় 'পরিচয়' পত্রিকার গুরুত্ব বিচার করো। ৫

- ৫। (ক) 'রজনী'-র গৃহত্যাগের কারণ সংক্ষেপে লেখো। ৫

অথবা,

- (খ) 'অমরনাথ' চরিত্রটির বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ৫

Please Turn Over

- ৬। (ক) 'ছোটলোক' গল্পে 'প্রকৃত ছোটলোক'-এর পরিচয় দাও। ৫
- অথবা,
- (খ) 'অন্তঃসলিলা' গল্পে 'শকুন্তলা' চরিত্রটির সংক্ষিপ্ত আলোচনা করো। ৫
- ৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।
- (ক) দিগ্‌দর্শন ৫
- (খ) 'রজনী' উপন্যাসের উপকাহিনি ৫
- (গ) টোবাটেক সিং-এর 'সীমান্ত'। ৫
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) 'ভারতী' পত্রিকাটি কত সালে প্রথম প্রকাশিত হয়?
- (খ) 'সমাচার দর্পণ'-এর সম্পাদকের নাম লেখো।
- (গ) অক্ষয়কুমার দত্ত সম্পাদিত পত্রিকাটির নাম লেখো।
- (ঘ) 'বঙ্গদর্শন' পত্রিকাটি কত সালে প্রকাশিত হয়?
- (ঙ) 'প্রগতি' পত্রিকাটি কোথা থেকে প্রকাশিত হয়েছিল?
- (চ) 'রজনী'-র পেশা কী ছিল?
- (ছ) 'রজনী' তার পুত্রের নাম কী রেখেছিল?
- (জ) 'লবঙ্গলতিকা' কে?
- (ঝ) 'রজনী' উপন্যাস কোন রচনা অবলম্বনে লেখা হয়েছিল?
- (ঞ) 'বনফুল'-এর আসল নাম কী?
- (ট) 'চোর' গল্পের 'চোর' কে?
- (ঠ) 'রেকর্ড' গল্পটিতে আলোচ্য রেকর্ডটি কোন দেশের সুরের রেকর্ড ছিল?
- (ড) 'অন্তঃসলিলা' গল্পটিতে শকুন্তলা দেবীর স্বামীর নাম কী ছিল?
- (ঢ) 'আদাব' শব্দটির অর্থ লেখো।
- (ণ) 'টোবাটেক সিং' গল্পটি প্রথমে কোন ভাষায় লেখা হয়েছিল?